

সংবাদ বিজ্ঞপ্তি

আইনজীবী সাইফুলের কবর জিয়ারত করলেন নোবিপ্রবি উপাচার্য

সম্রাসী হামলায় নির্মমভাবে নিহত চট্টগ্রাম জেলা আইনজীবী সমিতির বিজ্ঞ সদস্য ও আই.আই.ইউ.সি.ল' অ্যালামনাই অ্যাসোসিয়েশন (ইলা) এর সদস্য আইনজীবী সাইফুল ইসলাম আলিফ এর কবর জিয়ারত করেছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। আজ শনিবার (৩০ নভেম্বর ২০২৪) সাইফুল ইসলাম এর চট্টগ্রাম লোহাগাড়াস্থ নিজ বাড়িতে স্বশরীরে উপস্থিত হয়ে তাঁর কবর জিয়ারত করেন নোবিপ্রবি উপাচার্য। এসময় তিনি শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন এবং মরহুমের আত্মার মাগফেরাত কামনা করেন।

জিয়ারত শেষে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, 'সরকারের কাছে আহ্বান করি এই হত্যাকাণ্ডের সাথে যারা জড়িত তাদেরকে দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়া হোক। আমরা সবাই বাংলাদেশের নাগরিক। সবাই মিলে এ দেশটাকে সুন্দর করে বৈষম্যবিহীনভাবে গড়ে তুলতে চাই। এর সঙ্গে জড়িতদের দ্রুত আইনের আওতায় আনা হোক এ দাবি জানাই।'

প্রসঙ্গত, ২৬ নভেম্বর ২০২৪ রাত্রেদ্রোহ মামলায় আটক হওয়া চিন্ণয় কৃষ্ণ দাসের মুক্তির দাবিতে বিক্ষোভ পরবর্তী সহিংসতায় নির্মমভাবে নিহত হন চট্টগ্রাম জেলা আইনজীবী সমিতির সদস্য আইনজীবী সাইফুল ইসলাম আলিফ।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪